



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১, চট্টগ্রাম

এবং

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত জোন, চট্টগ্রাম এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪

সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪

কর্মসম্পাদনের সার্বিক চিত্র সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

গণপূর্ত অধিদপ্তরের সার্কেলগুলোর মধ্যে চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১ অন্যতম। এই সার্কেলের অধীনে ০২ (দুই)টি গণপূর্ত বিভাগ রয়েছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব কাজসহ অন্যান্য মন্ত্রণালয়ের নির্মাণ কাজ সমূহ সুষ্ঠুভাবে চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১ বাস্তবায়ন সম্পন্ন করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, ধর্ম মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম জেলা সদরে (কল্ললোক) ও লোহাগাড়া উপজেলায় মডেল মসজিদ নির্মাণ। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্প। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম জেলার পুলিশ সুপার কার্যালয়সহ পুলিশ বিভাগের বিভিন্ন থানা, ফাঁড়ি ভবন, ব্যারাক, মহিলা পুলিশ ব্যারাক, অস্ত্রাগার, হাইওয়ে পুলিশ ফাঁড়ি, রেলওয়ে পুলিশের ব্যারাক ভবন ইত্যাদি স্থাপনার উর্দ্ধমুখী সম্প্রসারণ ও নতুন ভবন নির্মাণ। ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা ভূমি অফিস নির্মাণ। আইন মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম চীপ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ। স্বাস্থ্য মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম মেডিকেল কলেজ ও হাসপাতালের বিভিন্ন স্বাস্থ্য স্থাপনার উর্দ্ধমুখী সম্প্রসারণ। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রামে বায়েজীদ এলাকায় আধুনিক সুযোগ সুবিধা বিশিষ্ট সবুজ উদ্যান স্থাপন। বন্দ্র মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রামে টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বন বিভাগের অফিস ও বাসভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ ইত্যাদি। শ্রম মন্ত্রণালয়ের অধীন চট্টগ্রাম শ্রম ভবন। প্রবাশি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন রাউজান কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ। তাছাড়া চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১ এর নিয়মিত কর্মকান্ড হিসাবে গত অর্থ বছরে বহিভূক্ত সরকারী অফিস ভবন এবং বাসভবন সমূহের বিভিন্ন প্রকার সংরক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সমস্যাসমূহঃ

সমস্যাসমূহঃ

- জমি অধিগ্রহণে জটিলতা।
- কাজের অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ হারে অর্থ বরাদ্দ না পাওয়া।
- নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদানকারী সংস্থার সমন্বয়হীনতা।
- প্রত্যাশী কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তরের মধ্যে কতিপয় ক্ষেত্রে সমন্বয়হীনতা।
- নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির সাথে প্রকল্প ব্যয়ের সমন্বয় সাধন না হওয়া।
- পর্যাপ্ত জনবলের অভাব পাশাপাশি বিদ্যমান জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণের স্বল্পতা।
- প্রকৌশলীদের সর্বশেষ প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণের সীমিত সুযোগ।

চ্যালেঞ্জসমূহঃ

প্রকল্প গ্রহণের পর জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে সময়ের প্রয়োজন হয় ফলে নির্দিষ্ট সময়ে প্রকল্প শুরু করা সম্ভব হয়না। এতে প্রকল্প ব্যয় ও সময় দুটোই বেড়ে যায়। এছাড়াও নির্দিষ্ট সময়ে অর্থ বরাদ্দ প্রাপ্তিতে বিলম্ব হয়। নির্মাণ সামগ্রীর ব্যয় বৃদ্ধির কারণেও প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়। ফলে অনুমোদিত প্রকল্প ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্ত করা গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম জোনের জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া বিপুল সংখ্যক কর্মকর্তা কর্মচারীদের জন্য পর্যাপ্ত আবাসিক ভবন এবং অফিস নির্মাণ গণপূর্ত অধিদপ্তর চট্টগ্রাম জোনের জন্য একটি চ্যালেঞ্জ।

